



কবিতায় যা বলা হয়েছে: সংসারে মায়ের চেয়ে বড়ো আর কেউ নেই। সন্তানের কাছে ‘মা’ শব্দটির চেয়ে মিষ্টি ও মধুর কথা আর কিছু নেই। মায়ের কাছে সন্তান যে আদর ভালোবাসা পায় তা আর কোথাও পাওয়া যায় না। মায়ের মুখ পানে তাকালে সব দুঃখ দূর হয়। তাঁর কোলে শুলে প্রাণ জুড়িয়ে যায়। তাই কবি যেখানে যত ভাইবোন আছে তাদের ডেকে বলছেন, এস আমরা সবাই মায়ের পায়ের ধুলো মাথায় নিয়ে তাঁর জয়গান করি।

শব্দের অর্থ

সুখা—অমৃত

সোহাগ—খুব বেশি আদর

হেরিলে—দেখলে

পরান—প্রাণ

যাতনা—যন্ত্রণা, বেদনা

শিরে—মাথায়

‘একটি কথায় এত সুখা মেশা নাই’—‘মা’ এই

কথাটির মতো এমন মধুর আর কোনো কথা নেই

...‘নত করি বল্ সবে’—মা-কে প্রণাম করে সবাই বল

কতটা শেখা হল

১. মুখে মুখে বল।

ক) কী দেখলে সন্তানের দুঃখ দূর হয়?

খ) কার কাছে সন্তান আদর ও ভালোবাসা পায়?

গ) কার কোলে শুলে প্রাণ জুড়ায়?

ঘ) কার চরণে মাথা নত করে জয়গান গাইব?

ঙ) কবিতাটি কার লেখা?

চ) মা কেন সকলের চেয়ে বড়ো?

২. জ্ঞানমূলক প্রশ্ন:

ক) ‘একটি কথায় এত সুখা মেশা নাই’—কোন কথায়? ‘সুখা মেশা নাই’ মানে কী?

খ) ‘আয় সবে আয় শোন’—কাদের আসতে বলা হয়েছে? তারা এসে কী করবে?

Note

বিপরীত শব্দ লেখ:-

আদর, দূরে, সুখ, শীতল, ভোলে, বড়ো, নাই।

বাক্য রচনা:-

আদর, মুখ, দূরে, পরান, শীতল, গান, পদধূলি,
নত।